
bengalioldsongs.in

# গ্রামোফোন রেকর্ডে রবীন্দ্রসংগীত

(প্রথম খন্ড)



১৯০০-১৯৫০



দেব প্রসাদ দাস

bengalioldsongs.in

# গ্রামোফোন রেকর্ডে রবীন্দ্রসঙ্গীত

(প্রথম খণ্ড)

১৯০০-১৯৫০

সংকলন ও গবেষণা

দেব প্রসাদ দাস

প্রকাশক

দেব প্রসাদ দাস

হেরিটেজ, মান্না দে স্ট্রীট

আলিপুরদুয়ার কোর্ট, পঃ বঃ

bengalioldsongs.in

"Gramophone Recordey Rabindrasangeet (Vol.1) (1900-1950)"
A Discographical Book on 78 RPM Gramophone Records
containing Rabindrasangeet spanning 1900-1950

"গ্রামোফোন রেকর্ডে রবীন্দ্রসঙ্গীত" (প্রথম খণ্ড) (১৯০০-১৯৫০)

Compiled and Researched by Deba Prasad Das
সঙ্কলন ও গবেষণা : দেব প্রসাদ দাস

© Prama Das

Published by : Deba Prasad Das,
"Heritage", Manna Dey Sarani
Alipurduar Court, PIN : 73612 , West Bengal, India
Contact : +91 9774929818
e-mail : debaprasad_das@rediffmail.com

Printed by : Prama Das,
"Heritage", Manna Dey Sarani
Alipurduar Court, PIN : 736122
West Bengal, India

First Published : 5th December 2024

ISBN : 978-93-341-7938-5

প্রচ্ছদ ও অলঙ্করণ : দেব প্রসাদ দাস

প্রকাশক তথা স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনো অংশরই কোনো রূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না, কোনো যান্ত্রিক উপায়ের (গ্রাফিক্স, ইলেকট্রনিক বা অন্য কোনো মাধ্যম, যেমন ফটোকপি, টেপ বা পুনরুদ্ধারের সুযোগ সংবলিত তথ্য সঞ্চয় করে রাখার কোনো পদ্ধতি) মাধ্যমে প্রতিলিপি করা যাবে না বা কোনো ডিস্ক, টেপ, পারফোরেটেড মিডিয়া বা কোনো তথ্য সংরক্ষণের যান্ত্রিক পদ্ধতিতে পুনরুৎপাদন করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা যাবে।

বিনিময় : ₹ ১৫০০/-   ₹ 1500/-

9 789334 179385

bengalioldsongs.in

# উৎসর্গ



গত চল্লিশ বছর ধরে লতা মঙ্গেশকরের গাওয়া সমস্ত ভাষার সমস্ত গানের রেকর্ড সঙ্কলক তথা তৎ বিষয়ক পনেরো খন্ড ''লতা গীতকোষ' বইয়ের গবেষক তথা ডিস্কোগ্রাফার আমার বন্ধু স্নেহাশিস চট্টোপাধ্যায়কে

bengalioldsongs.in

সূচিপত্র


১. ভূমিকা ( এই বই প্রসঙ্গে কিছু কথা ) : ৫
২. গ্রামোফোন প্রযুক্তির বিবর্তন ও কলকাতার কলের গান : ৬
৩. রেকর্ড সম্পর্কিত কিছু কথা এবং রেকর্ডের ছবি : ৮
৪. শিল্পী ভিত্তিক গানের বিস্তারিত তালিকা : ৯
৫. গায়ক,গায়ক, ক্যাটালগ, গায়িকাদের ছবি : ১৩,১৪ ২৩,২৪
৬. রেকর্ড, ক্যাটালগ এবং গায়িকাদের ছবি : ৬১,৬২
৭. ক্যাটালগের প্রচ্ছদের ছবি : ৬৪
৮. গানের বর্ণানুক্রমিক বিস্তারিত তালিকা : ৬৫
৯. রেকর্ডের ছবি : ৬৬
১০. রেকর্ড, ক্যাটালগ এবং গায়িকাদের ছবি : ৭১,৭২
১১. রেকর্ড শিল্পের চার বরেণ্য মানুষের ছবি : ৭৯
১২. ইন্দুলেখা ঘোষের টেস্ট রেকর্ডের ছবি : ৮৩
১৩. সত্য চৌধুরী এবং উমাপদ ভট্টাচার্যর রেকর্ডের ছবি : ৯৮
১৪. মাধুরী চৌধুরী,সমরেশ চৌধুরী,সুপ্রীতি মজুমদার
এবং শৈলা দেবীর রেকর্ডের ছবি : ১২০
১৫. গায়ক গায়িকা ও তাঁদের রেকর্ডের ছবি : ১২১,১২২
১৬. চলচ্চিত্রে রবীন্দ্র সঙ্গীত (১৯৩৭-১৯৫০) : ১২৩
১৭. রেকর্ড নং ভিত্তিক বিস্তারিত তালিকা : ১২৭
১৮. রেকর্ডের ছবি, গায়ক গায়িকা ও তাঁদের রেকর্ডের ছবি : ১৩১,১৩২
১৯ ক্যাটালগ ও রেকর্ড লেভেলে 'রবীন্দ্র সঙ্গীত' মুদ্রিত ছবি : ১৫১



কৃতজ্ঞতা ঃ
১. স্বপন বসু
২. পরমানন্দ চৌধুরী
৩. অমরনাথ শর্মা
৪. সোমনাথ চট্টোপাধ্যায়
৫. স্বাগত গুপ্ত
৬. আদিত্য ব্যানার্জী
৭. তুষার মজুমদার
৮. বাণী বসাক
৯. মহঃ ইলিয়াস
১০. রাহুল সেন


তথ্য সূত্র ঃ


১. ১৯০০-১৯৫০ পর্যন্ত দীর্ঘ পঞ্চাশ বছরে প্রকাশিত সমস্ত রেকর্ড কোম্পানীর সম্ভাব্য সমস্ত গানের ক্যাটালগ ।
২. ১৯০৯-১৯৩৩ পর্যন্ত প্রায় পঁচিশ বছরে বিভিন্ন প্রকাশনা থেকে প্রকাশিত রেকর্ড সঙ্গীত, বীণার ঝঙ্কার, কলের গান, রেকর্ড কাকলী ইত্যাদি নানান সঙ্কলন গ্রন্থ ।
৩. রেকর্ডে রবীন্দ্রসঙ্গীত ঃ সিদ্ধার্থ ঘোষ
৪. কবিকণ্ঠ ঃ সন্তোষকুমার দে ও কল্যাণবন্ধু ভট্টাচার্য
৫. কবিকণ্ঠ ও কলের গান ঃ সন্তোষকুমার দে
৬. The Gramophone Company's First Indian Recordings (1899-1907)
৭. The Gramophone Company's Indian Recordings (1908-1910)
ঃ Michael Kinnear

bengalioldsongs.in

## এই বই প্রসঙ্গে কিছু কথা

অনেক দিনের স্বপ্ন ছিল ১৯০২-১৯৮০ পর্যন্ত দীর্ঘ প্রায় আশি বছরে গ্রামোফোন রেকর্ডে প্রকাশিত সমস্ত রবীন্দ্র-গীতির একটি পূর্ণ ডিস্কোগ্রাফি তৈরী করবো। সেই স্বপ্ন থেকেই ২০১৬ তে সঙ্কলন ও গবেষণা করে প্রকাশ করেছিলাম "চলচ্চিত্রে রবীন্দ্র সঙ্গীত" নামের একটি বই। যতদূর জানি এই বইটিই ছিল চলচ্চিত্রে রবীন্দ্র সঙ্গীত বিষয়ে তথ্য ভিত্তিক বিস্তারিত আলোচনার প্রথম তথা একমাত্র বই। বেসিক রবীন্দ্র-গীতির এবারের ডিস্কোগ্রাফি "গ্রামোফোন রেকর্ডে রবীন্দ্রসঙ্গীত" বইটির কাজ তখনই এগিয়ে গিয়েছিল অনেকটাই কিন্তু বই আকারে প্রকাশের তথ্য অপ্রতুলতাও ছিল প্রতি পদে। বিগত প্রায় আট বছরেও সেই তথ্যাভাব প্রয়োজন মতো মেটেনি। গ্রামোফোন রেকর্ডে প্রকাশিত সমস্ত রবীন্দ্র সঙ্গীতগুলোর হদিশ করতে পারলেও মূল অভাবটা ছিল সাল তথা মাস ভিত্তিক রেকর্ড প্রকাশের সঠিক তথ্যের একমাত্র উৎস "গানের ক্যাটালগ" গুলোর একশ শতাংশ সংগ্রহ করতে না পারা।

ইতিমধ্যে বিভিন্ন কোম্পানীর আদি গ্রামোফোন রেকর্ডের বেশ কিছু দুষ্প্রাপ্য ক্যাটালগ এবং ১৯৩১-১৯৫০ পর্যন্ত প্রায় সমস্ত কোম্পানীর সমস্ত ক্যাটালগ নিজস্ব সংগ্রহে চলে এলেও বহু চেষ্টাতেও ১৯৫১-৮০ এর বেশ কিছু ক্যাটালগ নিজস্ব সংগ্রহে অধরাই থেকে গেল। এই প্রকল্পে কোনো বাঙ্গালী সংগ্রাহক আমায় কোনো তথ্য সহায়তা করবেন, সেটা সর্বৈব দুরাশা। বাধ্য হয়েই প্রকল্পটিকে দুই খন্ডে ভাগ করে ১৯০২-১৯৫০ (১ম খন্ড) খন্ডটি প্রথমে প্রকাশ করার সিদ্ধান্ত নিতে হল।

বইটির নাম "গ্রামোফোন রেকর্ডে রবীন্দ্রসঙ্গীত" হলেও একটি বিষয় স্পষ্ট ভাবেই বলা উচিৎ যে রেকর্ডের আদি পর্বে রবীন্দ্রনাথ ঠাকুরের গানগুলো যখন রেকর্ডে প্রকাশিত হত, তখন "রবীন্দ্র সঙ্গীত" অভিধাটি জনমানসে প্রচলিত হয়ে ওঠেনি এবং গায়ক গায়িকা বা কোম্পানী কর্তৃপক্ষও বিষয়টিকে আদৌ ভিন্ন গুরুত্ব দিয়ে দেখতেন না। প্রসঙ্গত উল্লেখ্য যে অনেক ক্ষেত্রেই সেদিনের গায়ন আজকের নিরিখে আদৌ রাবীন্দ্রিক ছিল না। তখন গানগুলোকে দেখা হত মূলত রাগ রাগিণীর নিরিখে এবং রেকর্ড লেভেলে তেমনটাই ছাপা হত। ক্যাটালগ ঘেঁটে সেই রকম যখন যেমন তথ্য পেয়েছি তেমনটাই বইতে উল্লেখ করেছি। সে কারণেই গানের বিষয়ের ক্ষেত্রে একই গানকে কখনো দেখানো হয়েছে রাগের নিরিখে, কখনো বা পর্যায় নিরিখে।

১৯১৩ সালে কবির নোবেল পুরস্কার প্রাপ্তির পর থেকেই রেকর্ডেও তাঁর গানের বিষয়টিতে নতুন গুরুত্ব আরোপের সূত্রপাত। ১৯১৫ তে রবীন্দ্রনাথ ঠাকুরই প্রথম গীতিকার যিনি গ্রামোফোন কোম্পানীর কাছে তাঁর গানের স্বত্ব দাবী করেছিলেন এবং আইনিভাবে সম্মান দর্শনি আদায়ও করে নিয়েছিলেন। ১৯২৬শেও রবীন্দ্র-গানের রেকর্ড প্রকাশের অনুমতি বিষয়ে কবির সাথে কোম্পানীর নতুন চুক্তি হয়। এভাবেই রবীন্দ্র-গান ধীরে ধীরে একটি স্বতন্ত্র গুরুত্বে পরিচিতি পেতে থাকে। কিন্তু সব মিলিয়ে কবে কখন রবিবাবুর গান রবীন্দ্র সঙ্গীত হয়ে উঠলো তার কোনো অতি নিশ্চিত প্রামণ্য ক্ষণ তারিখ জানা যায়নি।

১৯০২-১৯৫০ এর মধ্যে রেকর্ডে প্রকাশিত মোট ৬৭১ (মোট রেকর্ডেড ৯৪৯টি) টি রবীন্দ্র সঙ্গীত এখনো পর্যন্ত এই বইতে নিশ্চিত করা সম্ভব হয়েছে এবং একক,দ্বৈত,সমবেত ইত্যাদি মিলিয়ে এখানে মোট গায়ক গায়িকার সংখ্যা ২০১ জন। ধারাবাহিকতার আলোচনার ক্ষেত্রে প্রসঙ্গক্রমে একটি প্রশ্ন স্বাভাবিক ভাবেই এসে যায় যে গ্রামোফোন রেকর্ডে প্রথম রবীন্দ্র সঙ্গীত কোনটি ? উপযুক্ত তথ্যের অভাবে বিষয়টি সুনিশ্চিত করা সম্ভব হয়নি। তবে বিভিন্ন কোম্পানীর এদেশে আগমন ইতিহাস, তাদের রেকর্ডিং সেসন ইত্যাদি পর্যালোচনা করে মনে হয়েছে সম্ভবত ১৯০৪-০৫ এর মধ্যে প্রকাশিত গ্রামোফোন কোম্পানী লিমিটেডের 2-12291 নং রেকর্ডে উপলব্ধ "হে সখা মম হৃদয়ে রহ" গানটিই রেকর্ডে প্রকাশিত প্রথম রবীন্দ্র সঙ্গীত। গায়ক ছিলেন আর এন রায়। মতান্তরে অন্য গান, অন্য গায়ক, অন্য রেকর্ড।

নমস্কারান্তে

তারিখ ঃ ৫/১২/২০২৪

দেব প্রসাদ দাস
হেরিটেজ, মান্না দে সরণী
আলিপুরদুয়ার কোর্ট, পশ্চিম বঙ্গ,৭৩৬১২২

bengalioldsongs.in



## গ্রামোফোন প্রযুক্তির বিবর্তন :

১৮৭৭ ঃ রেকর্ড সঙ্গীতের ইতিহাসে ১৮৭৭ সালটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ঐতিহাসিক একটি বছর। এই বছরই বিজ্ঞানী টোমাস আলভা এডিসন পৃথিবীর ইতিহাসে প্রথম এমন একটি যন্ত্র আবিষ্কার করতে সক্ষম হয়েছিলেন, যাতে কোনো শব্দ ধারণ করা এবং সেই যন্ত্র চালিয়ে পুনঃ সেই শব্দকে হুবহু শুনতে পাওয়া সম্ভব। কল্পনাকে বাস্তবে সফল করে তুলেছিলেন। তিনি যন্ত্রটির নাম দিয়েছিলেন ফোনোগ্রাফ। সহজ করে বললে ফোনোগ্রাফ ছিল পরবর্তী কালের গ্রামোফোন, রেকর্ড প্লেয়ার, টেপরেকর্ডার ইত্যাদির অঙ্কুর মাত্র। প্যারাফিন-কাগজ ব্যবহার করে টেলিফোন বিষয়ক একটি অন্য গবেষণা করতে করতে আকস্মিক ভাবে তাঁর নিজের অজান্তেই এই প্রযুক্তিটির উদ্ভাবন হয়েছিল। কাজের মাধ্যমে সঙ্গীত সংরক্ষণের প্রযুক্তিকে তিনি প্রশংসা করে স্বীকৃতি দিয়েছেন। প্রসঙ্গত উল্লেখ্য যে ঐ একই বছরে ফরাসি দেশের আর এক জন বিজ্ঞানীও শব্দ ধারণ বিষয়ে আংশিক ভাবে বেশ কিছু কাজ করেছিলেন।

১৮৮১ ঃ এডিসনের এই নতুন আবিষ্কারের পর অন্যান্য বিজ্ঞানীরাও এই নিয়ে নতুন উদ্যমে ভাবনা চিন্তা শুরু করে দেন। যেমন দুজন বিজ্ঞানী হলেন মিঃ বেল ও টেইনটার। ১৮৮১ তে তাঁরাই এডিসনের যন্ত্রটির সংস্কার করে উন্নত মানের Cylindrical Wax Redord তৈরী করেন। এই পদ্ধতিতে একটি চোঙাকৃতি নলের গায়ে মোম লাগিয়ে তার ওপর শব্দ রেকর্ড হতো এবং সেই নলটিকে ঘুরিয়ে ঘুরিয়ে বাজাতে হতো। সমতল পৃষ্ঠ চাকতি রেকর্ড (Disc Record) তখনও বিজ্ঞানীদের ধারণাতেও জায়গা করে উঠতে পারেনি। সেইটি সম্ভব হয়েছিল আরও প্রায় সাত বছর পর, ১৮৮৮ তে।

১৮৮৮ ঃ সিলিন্ডার রেকর্ডে সঙ্গীত ইত্যাদি রেকর্ড করে বাজানো গেলেও ব্যবসায়িক প্রয়োজনে একটি গান ইত্যাদি বেশী সংখ্যায় তৈরী করার ক্ষেত্রে তার কিছু প্রযুক্তিগত সীমাবদ্ধতা ছিল। ১৮৮৮ তে জার্মান বিজ্ঞানী এমিল বার্লিনার সমতল পৃষ্ঠ চাকতি রেকর্ড (Disc Record) আবিষ্কার করে রেকর্ডিং শিল্পটিকেই এক অন্য মাত্রায় পৌঁছে দিয়েছিলেন। ব্যবসায়িক তথা ব্যবহারিক দুই অর্থেই এমিলের এই প্রযুক্তির গ্রহণ যোগ্যতা খুবই বেড়ে গেল। প্রারম্ভিক পর্যায়ে ডিস্ক রেকর্ড হতো কেবল মাত্র একপিঠে বাজাতে পারা রেকর্ড এবং তখন পিচ বোর্ডের রেকর্ড বাজারে প্রচলিত ছিল। শোনা যায় সেই সময় বামাবর্তে (anti clockwise) ঘোরা রেকর্ড এবং কেন্দ্র থেকে বাজতে শুরু করে কিনারায় সমাপ্ত হওয়া রেকর্ডও বাজারে প্রচলিত ছিল। ১৮৮৮তে এই Flat Disc প্রযুক্তি আবিষ্কৃত হলেও এমিল বার্লিনার এই প্রযুক্তির বাণিজ্যিক ব্যবহারের পেটেন্ট পেয়েছিলেন আরও প্রায় আট বছর পর, ১৮৯৬ তে।

উল্লেখ করার মত বিশেষ খবর হল, প্রযুক্তির এই নতুন উদ্ভাবনের প্রায় শুরুর দিন থেকেই বাঙালী সমাজে তার একটা বিশেষ যোগাযোগ তৈরী হয়ে গিয়েছিল। শোনা যায় কলকাতার সেন্ট জেভিয়ার্স কলেজের এক অধ্যাপক ফাদার লাফোঁ এই বছরই একটি ফোনোগ্রাফ যন্ত্র আনিয়েছিলেন কলকাতায়। প্রসঙ্গত উল্লেখ্য, বিজ্ঞানী জগদীশ চন্দ্র বসু ছিলেন এই লাফোঁরই ছাত্র।

## বাঙালীর কলের গান :

১৯০০ ঃ বাঙালী জীবনে বাণিজ্যিকভাবে ফোনোগ্রাফ যন্ত্রকে পৌঁছে দেবার ক্ষেত্রে যে মানুষটির নাম স্বর্ণাক্ষরে লেখা, তিনি হেমেন্দ্রমোহন বসু। আনুমানিক ১৯০০ সাল নাগাদ তিনি ব্যবসায়িক উদ্দেশ্যে কলকাতায় ফোনোগ্রাফ যন্ত্র আমদানি করেন এবং সেই যন্ত্রে স্বয়ং রবীন্দ্রনাথ ঠাকুর সহ বহু বিশিষ্ট বাঙালীর গান রেকর্ডও করেন যাতে নলের ওপর মোমের প্রলেপ লাগানো তৎকালিন সিলিন্ডার রেকর্ডে। ইতিমধ্যে বিখ্যাত Pathe company -র সাথে হেমেন্দ্রমোহন বসুর একটি বাণিজ্যিক চুক্তিবদ্ধ হওয়ার পর সেই সব সিলিন্ডার গানের কিছু কিছু Pathe H.Boses এর ডিস্ক রেকর্ডেও পুনর্মুদ্রিত হয়।

১৯০২ ঃ এমিল বার্লিনারের নতুন গ্রামোফোন-বাণিজ্যের প্রচার ও প্রসারের প্রতিনিধি হিসেবে ২৭ অক্টোবর ১৯০২ তারিখে কলকাতায় এসে পৌঁছলেন মিঃ ফ্রেডরিক উইলিয়াম গেইসবার্গ। কলকাতায় এসে বিভিন্ন রঙ্গালয়গুলো ঘুরে ঘুরে উনি বেশ কিছু গায়ক গায়িকার সন্ধান পেলেন, যাদের কণ্ঠ সঙ্গীত রেকর্ডজাত করে সেদিনের

bengalioldsongs.in



## রেকর্ডে উপলব্ধ চলচ্চিত্রে রবীন্দ্র সঙ্গীত (১৯৩৭-১৯৫০)

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১ | ১৯৩৭ | মুক্তি | আজ সবার রঙে রঙ মিশাতে | কানন দেবী | JNG 5173 | Megaphone |
| | | মুক্তি | তার বিদায়-বেলার মালাখানি | কানন দেবী | JNG 5173 | Megaphone |
| | | মুক্তি | আমি কান পেতে রই আমার | পঙ্কজ কুমার মল্লিক | H 11554 | Hindusthan |
| | | মুক্তি | দিনের শেষে ঘুমের দেশে | পঙ্কজ কুমার মল্লিক | H 11554 | Hindusthan |
| ২ | ১৯৩৮ | অভিজ্ঞান | ওরে সাবধানী পথিক বারেক | পঙ্কজ কুমার মল্লিক | VE 2502 | Columbia |
| | | অভিজ্ঞান | দিনগুলি মোর সোনার খাঁচায় | পঙ্কজ কুমার মল্লিক | VE 2502 | Columbia |
| ৩ | ১৯৩৯ | অধিকার | এমন দিনে তারে বলা যায় | পঙ্কজ কুমার মল্লিক | VE 2503 | Columbia |
| | | অধিকার | মরণের মুখে রেখে দূরে যাও | পঙ্কজ কুমার মল্লিক | VE 2503 | Columbia |
| ৪ | ১৯৩৯ | জীবন মরণ | আমি তোমায় যত শুনিয়েছিলেম | কুন্দনলাল সায়গল | H 766 | Hindusthan |
| | | জীবন মরণ | তোমার বীণায় গান ছিল আর | কুন্দনলাল সায়গল | H 766 | Hindusthan |
| ৫ | ১৯৪০ | আলোছায়া | আমার ভুবন তো আজ হল | পঙ্কজ কুমার মল্লিক | VE 5107 | Columbia |
| ৬. | ১৯৪০ | ডাক্তার | কী পাই নি তারি হিসাব | পঙ্কজ কুমার মল্লিক | SA 254 | Columbia |
| | | ডাক্তার | কী পাই নি তারি হিসাব মিলা | পঙ্কজ কুমার মল্লিক | VE 5104 | Columbia |
| ৭ | ১৯৪০ | পরাজয় | তোমার বাস কোথা যে পথিক | সমবেত | H 802 | Hindusthan |
| | | পরাজয় | বক্ষে তোমার বাজে বাঁশি, সেকি | সমবেত | H 802 | Hindusthan |
| | | পরাজয় | প্রাণ চায় চক্ষু না চায়, মরি এ | কানন দেবী | JNG 5454 | Megaphone |
| | | পরাজয় | বারে বারে পেয়েছি যে তারে | কানন দেবী | JNG 5454 | Megaphone |
| ৮ | ১৯৪১ | আহুতি | আরো একটু বসো তুমি আরো | সুপ্রভা ঘোষ (সরকার) | H 992 | Hindusthan |
| | | আহুতি | হায় গো, ব্যথায় কথা যায় ডুবে | সুপ্রভা ঘোষ (সরকার) | H 992 | Hindusthan |
| ৯ | ১৯৪১ | উত্তরায়ণ | আজি বিজন ঘরে নিশীথ রাতে | যূথিকা ঘোষ | JNG 5624 | Megaphone |
| ১০ | ১৯৪১ | পরিচয় | এ দিন আজি কোন ঘরে গো | কুন্দনলাল সায়গল | H 914 | Hindusthan |
| | | পরিচয় | একটুকু ছোঁয়া লাগে, একটুকু | কুন্দনলাল সায়গল | H 914 | Hindusthan |
| | | পরিচয় | আজ খেলা ভাঙার খেলা খেলবি | কুন্দনলাল সায়গল | H 915 | Hindusthan |
| | | পরিচয় | আমার রাত পোহালো শারদ | কুন্দনলাল সায়গল | H 915 | Hindusthan |
| | | পরিচয় | তোমায় আমায় মিলন হবে বলে | সতী দেবী | H 987 | Hindusthan |
| | | পরিচয় | ফিরবে না তা জানি, তা জানি | সতী দেবী | H 987 | Hindusthan |
| | | পরিচয় | তোমার সুরের ধারা ঝরে যেথায় | কানন দেবী | JNG 5566 | Megaphone |
| | | পরিচয় | সেই ভালো সেই ভালো,আমারে | কানন দেবী | JNG 5566 | Megaphone |
| | | পরিচয় | আমার বেলা যে যায় সাঁঝ বেলা | কানন দেবী | JNG 5567 | Megaphone |
| | | পরিচয় | আমার হৃদয় তোমার আপন | কানন দেবী | JNG 5567 | Megaphone |
| ১১ | ১৯৪২ | অপরাধ | ওই যে ঝড়ের মেঘের কোলে | সুপ্রভা ঘোষ (সরকার) | H 1013 | Hindusthan |
| | | অপরাধ | হে ক্ষণিকের অতিথি এলে | সুপ্রভা ঘোষ (সরকার) | H 1013 | Hindusthan |

bengalioldsongs.in



Gramophone Record Ltd (রেকর্ডিংয়ের সাল গুলোর উৎস মাইকেল কিনিয়ারের বই)

| রেকর্ড নং | ব্যাস | রেকর্ডিং সন | গানের প্রথম পঙক্তি | গায়ক/গায়িকা |
|---|---|---|---|---|
| 2-12291 | 7" | ১৯০৪-১৯০৫ | হে সখা, মম হৃদয়ে রহো । সংসারে | আর এন রায় |
| 2-12760 | 7" | ১৯০৪-১৯০৫ | ঝর ঝর বরিষে বারিধারা । হায় পথবাসী | এস এন লাহিড়ী |
| 2-12780 | 10" | ১৯০৪-১৯০৫ | কেন যামিনী না যেতে জাগালে | দ্বিজেন্দ্রনাথ বাগচী |
| 2-12816 | 10" | ১৯০৪-১৯০৫ | এখনো তারে চোখে দেখিনি শুধু বাঁশী | দ্বিজেন্দ্রনাথ বাগচী |
| 2-12819 | 10" | ১৯০৪-১৯০৫ | সুখহীন নিশিদিন পরাধীন হয়ে ভ্রমিছ | আর এন রায় |
| 2-12831 | 10" | ১৯০৪-১৯০৫ | সজনী সজনী রাধিকা লো দেখ | এস এন লাহিড়ী |
| 4-12173 | 10" | ১৯০৬ | সখী, ওই বুঝি বাঁশী বাজে বনমাঝে | জি সি শ্রীচন্দন |
| 4-12508 | 10" | ১৯০৭ | বাংলার মাটি বাংলার জল বাংলার | ননীলাল বন্দ্যোপাধ্যায় |
| 4-13090 | 10" | ১৯০৮ | আজ তোমারে দেখতে এলাম অনেক | বেদানা দাসী |
| 8-12072 | 10" | জুলাই ১৯০৯ | তোমারি রাগিণী, জীবনকুঞ্জে বাজে যেন | বলাইদাস শীল |
| 8-12141 | 10" | মে ১৯১০ | বরিষ ধরা মাঝে শান্তির বারি শুষ্ক হৃদয় | বলাইদাস শীল |
| 8-12143 | 10" | ডিসেম্বর ১৯১০ | তাঁহারে আরতি করে চন্দ্র তপন, দেব | বলাইদাস শীল |
| 8-12144 | 10" | ডিসেম্বর ১৯১০ | অনেক দিয়েছ নাথ আমায় অনেক দিয়েছ | বলাইদাস শীল |
| 8-12145 | 10" | ডিসেম্বর ১৯১০ | কেন জাগে না, জাগে না অবশ পরান | বলাইদাস শীল |
| 8-12160 | 10" | অক্টোবর ১৯১০ | আমার মাথা নত করে দাও হে তোমার | জ্ঞানপ্রিয়া মিত্র |
| 8-12274 | 10" | জুন ১৯১১ | এবার তোর মরা গাঙে বান এসেছে | জে এন বোস |
| 8-12347 | 10" | অক্টোবর ১৯১০ | তোমার অসীমে প্রাণ মন লয়ে যত দূরে | রামকৃষ্ণ লাহিড়ী |
| 8-12348 | 10" | অক্টোবর ১৯১০ | নিশিথ শয়নে ভেবে রাখি মনে, ওগো | রামকৃষ্ণ লাহিড়ী |
| 8-12445 | 10" | জুলাই ১৯০৯ | সত্য মঙ্গল প্রেমময় তুমি ধ্রুব জ্যোতি | ভবসিন্ধু দত্ত |
| 8-13279 | 10" | আগষ্ট ১৯১১ | দেখো সখা ভুল করে ভালোবেসো না | কৃষ্ণ ভামিনী (ভোঁদা) |

(বার্ষিক ক্যাটলগ ও রেকর্ড সঙ্গীত, বীণার ঝঙ্কার, কলের গান, সঙ্গীত সংগ্রহ ইত্যাদি বইয়ের ভিত্তিতে রেকর্ড প্রকাশের বর্ষ ))

| | | | | |
|---|---|---|---|---|
| 8-13846 | 10" | ১৯১০-১৯১৫ | বড় বিস্ময় লাগে হেরি তোমারে | অমলা দাস (এমেচার) |
| 8-13855 | 10" | ১৯১০-১৯১৫ | আহা জাগি পোহাল বিভাবরী, অতি | অমলা দাস |
| 8-13856 | 10" | ১৯১০-১৯১৫ | চির সখা, ছেড়ো না মোরে ছেড়ো না | অমলা দাস |
| 8-13859 | 10" | ১৯১০-১৯১৫ | এ কি আকুলতা ভুবনে ! একি চঞ্চলতা | অমলা দাস |
| 8-13860 | 10" | ১৯১০-১৯১৫ | কে বসিলে আজি হৃদয়াসনে ভুবনেশ্বর | অমলা দাস |
| 8-13861 | 10" | ১৯১০-১৯১৫ | এ কী করুণা, করুণাময় ! হৃদয় শতদল | অমলা দাস |
| 8-13862 | 10" | ১৯১০-১৯১৫ | তোমার গোপন কথাটি সখী রেখোনা | অমলা দাস |
| 9-12530 | 10" | ১৯১৩-১৯১৫ | সারা বরষ দেখি নে, মা, মা তুই আমার | এম এন ঘোষ (মন্তা বাবু) |
| 9-12561 | 10" | ১৯১৩-১৯১৫ | তুমি কেমন করে গান কর হে গুণি | ব্রজেন্দ্রলাল গাঙ্গুলী |
| 9-12562 | 10" | ১৯১৩-১৯১৫ | যদি বারণ কর তবে গাহিব না । যদি | ব্রজেন্দ্রলাল গাঙ্গুলী |
| 9-12564 | 10" | ১৯১৩-১৯১৫ | আজি প্রণমি তোমারে চলিব, নাথ | ব্রজেন্দ্রলাল গাঙ্গুলী |
| 9-13171 | 10" | ১৯১৩-১৯১৫ | জীবনে আমার যত আনন্দ পেয়েছি | কৃষ্ণ ভামিনী (ভোঁদা) |
| 9-13172 | 10" | ১৯১৩-১৯১৫ | স্বপন যদি ভাঙ্গিলে রজনী প্রভাতে পূর্ণ | কৃষ্ণ ভামিনী (ভোঁদা) |
| 9-13190 | 10" | ১৯১৩-১৯১৫ | ও যে মানে না মানা । আখি ফিরাইলে | কৃষ্ণ ভামিনী (ভোঁদা) |
| 9-13300 | 10" | ১৯১৩-১৯১৫ | সুন্দরী রাধে আওয়ে বনি ব্রজরমণীগণ | অমলা দাস |
| 9-13304 | 10" | ১৯১৩-১৯১৫ | এ ভরা বাদর মাহ ভাদর শূন্য মন্দির | অমলা দাস |
| 9-13306 | 10" | ১৯১৩-১৯১৫ | অয়ি ভুবন মনোমোহিনী অয়ি নির্মল | অমলা দাস |
| 9-13307 | 10" | ১৯১৩-১৯১৫ | তোর আপন জনে ছাড়বে তোরে তা | অমলা দাস |
| 9-13308 | 10" | ১৯১৩-১৯১৫ | মহারাজ, একি সাজে এলে হৃদয় পুর | অমলা দাস |
| 9-13309 | 10" | ১৯১৩-১৯১৫ | রাখো রাখো রে জীবনে জীবনবল্লভে | অমলা দাস |
| 9-13310 | 10" | ১৯১৩-১৯১৫ | সে আসে ধীরে, যায় লাজে ফিরে | অমলা দাস |

bengalioldsongs.in



## Zonophone

| রেকর্ড নং | প্রকাশের মাস/সন | | গানের প্রথম পঙক্তি | গায়ক/গায়িকা |
|---|---|---|---|---|
| x3-103033 | অক্টোবর | ১৯১০ | আমি চিনি গো চিনি তোমারে ওগো | পূর্ণকুমারী দাসী |
| x3-103036 | অক্টোবর | ১৯১০ | পুরানো সেই দিনের কথা ভুলবি কি | পূর্ণকুমারী দাসী |
| x3-103090 | | | আমি নিশি নিশি (নিতি নিতি)কত রচিব | পূর্ণকুমারী দাসী |
| x3-103308 | | | সে যে পাশে এসে বসেছিল, তবু জাগি | মিস ভট্টাচার্য্য |
| z3-102004 | | | হেরিয়া শ্যামল ঘন নীল গগনে সেই | সত্যভূষণ গুপ্ত (এস বি গুপ্ত ) |
| z3-102005 | | | সকল হৃদয় দিয়ে ভালোবেসেছিনু যারে | সত্যভূষণ গুপ্ত (এস বি গুপ্ত ) |
| N 106 | জানুয়ারী | ১৯১৪ | আজি বহিছে বসন্তপবন সুমন্দ তোমারি | বলাইদাস শীল |
| N 107 | জানুয়ারী | ১৯১৪ | অল্প লইয়া থাকি, তাই মোর যাহা যায় | বলাইদাস শীল |
| N 107 | জানুয়ারী | ১৯১৪ | তোমার অসীমে প্রাণমন লয়ে যত দূরে | বলাইদাস শীল |
| N 108 | জানুয়ারী | ১৯১৪ | তোমারেই করিয়াছি জীবনের ধ্রুবতারা | বলাইদাস শীল |
| N 108 | জানুয়ারী | ১৯১৪ | একমনে তোর একতারাতে একটি যে | বলাইদাস শীল |
| N 133 | ১৯১৫এর আগের | | অয়ি ভুবন মনোমোহিনী অয়ি নির্মল | রামকৃষ্ণ লাহিড়ী |
| N 454 | জানুয়ারী | ১৯১৪ | আমি চিনি গো চিনি তোমারে ওগো | পূর্ণকুমারী দাসী |
| N 455 | জানুয়ারী | ১৯১৪ | পুরানো সেই দিনের কথা ভুলবি কি | পূর্ণকুমারী দাসী |
| N 482 | | | আমি নিশি নিশি (নিতি নিতি)কত | পূর্ণকুমারী দাসী |
| N 860 | | | সে যে পাশে এসে বসেছিল, তবু জাগি (উল্টোপিঠে রজনীকান্ত সেনের কবে তৃষিত এ মরু গানটি) | মিস ভট্টাচার্য্য |
| N 870 | | | বাজিল কাহার বীণা মধুর স্বরে আমার | সীতারাম (অন্ধ গায়ক) |

## HMV N Series

| রেকর্ড নং | প্রকাশের মাস/সন | | গানের প্রথম পঙক্তি | গায়ক/গায়িকা |
|---|---|---|---|---|
| N 4194 | মে | ১৯৩২ | আমার না বলা বাণীর ঘন যামিনীর | সুমনা সেন |
| N 4194 | মে | ১৯৩২ | এবার আমায় ডাকলে দূরে সাগর | সুমনা সেন |
| N 7017 | আগষ্ট | ১৯৩২ | আমার নিশিথ রাতের বাদল ধারা | হরিপদ চট্টোপাধ্যায় |
| N 7017 | আগষ্ট | ১৯৩২ | তোমায় আমায় মিলন হবে বলে | হরিপদ চট্টোপাধ্যায় |
| N 7022 | সেপ্টেম্বর | ১৯৩২ | ওলো শেফালি,ওলো শেফালি, আমার | মণিকা দেবী |
| N 7022 | সেপ্টেম্বর | ১৯৩২ | কে বলে যাও যাও আমার যাওয়া তো নয় | মণিকা দেবী |
| N 7060 | ডিসেম্বর | ১৯৩২ | গান আমার যায় ভেসে যায় চাস নে ফিরে | মণিকা দেবী |
| N 7060 | ডিসেম্বর | ১৯৩২ | দিনের বেলায় বাঁশী তোমার বাজিয়ে ছিলে | মণিকা দেবী |
| N 7061 | ডিসেম্বর | ১৯৩২ | আমার সোনার বাংলা আমি তোমায় | গোপাল চন্দ্র সেন |
| N 7061 | ডিসেম্বর | ১৯৩২ | সার্থক জনম আমার জন্মেছি এই দেশে | গোপাল চন্দ্র সেন |

bengalioldsongs.in



১৯০২ : অবিভক্ত বাংলার বিশাল শ্রোতৃ বাজারে রেকর্ড সঙ্গীতের শুভারম্ভ করেছিল Gramophone Company। দিনটা ছিল ৮ নভেম্বর ১৯০২, শনিবার। রেকর্ড করা হল ক্লাসিক থিয়েটারের দুই একান্ত নবীনা গায়িকা শশিমুখী ও ফণিবালার গান। শুরু হল বাংলা কলের গানের এক নতুন অধ্যায়।

প্রারম্ভিক পর্যায়ে কলকাতায় রেকর্ড প্রিন্টের কোনো কারখানা না থাকায় প্রায় বছর পাঁচেক কলকাতায় রেকর্ড করিয়ে সেই গানগুলো জার্মানীর হ্যানোভা থেকে ডিস্কে প্রিন্ট করিয়ে আনতে হতো এবং তখনও গানের রেকর্ড বলতে বোঝাতো শুধুই এক পিঠে গান ধরা রেকর্ড।

১৯০৪ : এই বছরই বিখ্যাত ODEON কোম্পানী বাজারে সর্ব প্রথম নিয়ে এসেছিল দু পিঠে গান বাজাতে পারা একেবারে নতুন ধারার রেকর্ড। এই ধারার প্রবর্তক ছিলেন ইন্টারন্যাশনাল টকিং মেসিন কোম্পানীর প্রেসিডেন্ট মিঃ এফ এম প্রেসকট। ODEON এর পাশাপাশি অন্য কোম্পানীগুলোও অনতি বিলম্বেই প্রেসকটের এই নতুন পদ্ধতির অনুসারি হয়ে নিজেদের রেকর্ড-পণ্যকে প্রযুক্তির আধুনিকতার সাথে উন্নীত করে নিয়েছিল।

এই বছরই লন্ডনের বিখ্যাত NICOLE Record কোম্পানীও তাদের প্রতিনিধি পাঠিয়ে কলকাতার শিল্পীদের গান রেকর্ড করে এদেশে তাদের কলের গানের নতুন ব্যবসা শুরু করেছিল।

১৯০৫ : ১৯০৫ এর শেষ দিকে জার্মানের Beka Recordও তাদের বাংলা গানের রেকর্ড কলকাতায় প্রকাশনা শুরু করে দিয়েছিল।
প্রসঙ্গত উল্লেখ্য যে এত এত কোম্পানী কলকাতায় তাদের বাংলা গানের পসরা সাজালেও তখনো পর্যন্ত কিন্তু তাদের মূল পরিচালন হতো বিদেশের বিভিন্ন শহর থেকে। কলকাতায় রেকর্ডিং হলেও রেকর্ড কিন্তু প্রিন্ট করিয়ে আনতে হতো বিদেশ থেকেই।

১৯০৭ : রেকর্ড শিল্পের উত্তরোত্তর জনপ্রিয়তা তথা চাহিদা বৃদ্ধি এবং পাশপাশি রেকর্ড প্রেসিংয়ের জন্য বারবার বিদেশ যাতায়াতের ঝামেলা এড়াতে ১৯০৭ সালে The Gramophone Co. Ltd একটি ঐতিহাসিক পদক্ষেপ নিয়ে ফেললো। শিয়ালদহ রেল স্টেশনের অনতি দূরে ১৩৯, বেলেঘাটা রোডে তারা প্রতিষ্ঠা করে ফেললেন এশিয়া মহাদেশের সর্ব প্রথম রেকর্ড তৈরীর কারখানা। বলা বাহুল্য, তাদের এই উদ্যোগ এক লহমায় অন্য কোম্পানীগুলো থেকে তাদেরকে এগিয়ে দিয়েছিল অনেকটা ধাপ।

১৯০৮ : এত এত বিখ্যাত বিদেশী কোম্পানীর ভিড়ে এক দুটো সম্পূর্ণ স্বদেশী উদ্যোগও সেদিন কলকাতায় দেখা গিয়েছিল। ১৯০৮ সনে তেমনি দুটো উল্লেখনীয় উদ্যোগ ছিল Swadeshi Binapani Records এবং Kamala Records। ঠিকানা ৩,ক্লিক রো, কলকাতা। কিন্তু বিভিন্ন কারণে তাদের ব্যবসা আদৌ তেমন চলেনি। আরও স্পষ্ট করে বললে শুধু কমলা রেকর্ডই নয় ১৯১০ এর পর থেকে (কাগজে কলমে না হলেও বাস্তবে) অন্য কোম্পানীগুলোকে ছাপিয়ে এদেশের রেকর্ড ব্যবসায়ে একমাত্র নাম হয়ে উঠেছিল The Gramophone Co. Ltd।

১৯৩২ : এই বছরই শ্রী চন্ডীচরণ সাহার উদ্যোগে ৬/১, অক্রুর দত্ত লেন, কলকাতা -১১ তে প্রতিষ্ঠিত হল Hindusthan Musical Products। তাদের প্রথম রেকর্ডটি (H1) ছিল রবীন্দ্রনাথ ঠাকুরের স্বকণ্ঠে গীত একটি গান। প্রতিষ্ঠানটি আজও সগৌরবে সক্রিয়।

১৯৩৩ : শ্রী জিতেন্দ্রনাথ ঘোষের উদ্যোগে এই বছরই কলকাতার হ্যারিসন রোডে (মহাত্মা গান্ধী রোড) প্রতিষ্ঠিত হল আরও একটি স্বদেশী রেকর্ড কোম্পানী Megaphone। বাংলা গানের প্রচার ও প্রসারে মেগাফোনের ভূমিকাও অবিস্মরণীয়। বাংলা রেকর্ড-সঙ্গীতের আলোচনায় Columbia, Regal, Twin, Bharat, Bharati, Young India, Senola, Broadcast, Phone-O-Phone, Kohinoor,ইত্যাদি রেকর্ড কোম্পানীগুলোর নামও অবিস্মরণীয়।

bengalioldsongs.in



রেকর্ড সম্পর্কিত কিছু কথা :-

১ রেকর্ডের প্রত্যেকটি গানেরই একটি বিশেষ ম্যাট্রিক্স নং হতো (/হয়)। রেকর্ডের শুরুর পর্যায়ে গানের বিশেষ ম্যাট্রিক্স নং গায়ে নিয়ে রেকর্ড গুলো হতো Single-sided। পরে যখন Double-sided রেকর্ড প্রযুক্তি এলো তখন প্রত্যেক Double-sided রেকর্ডের একটি নতুন নং দিয়ে তার সাথে আগের যেকোনো দুটো Single-sidedএর নং সহ গান মিলিয়ে বাজারে রেকর্ড প্রকাশ করতে শুরু করলো। অর্থাৎ Single-sidedএর নং অংশ Double-sidedএ আসতে লাগলো।

২ 7" , 8", 10", 12" বিভিন্ন ব্যাসের রেকর্ড বাজারে প্রচলিত ছিল।


৩ প্রারম্ভে রেকর্ডে কোনো কাগজের লেভেল হতো না। সরাসরি রেকর্ডের গায়েই খোদাই-মুদ্রণ হতো।

৪ ম্যাট্রিক্স নং এবং রেকর্ড নম্বরের আগে P,N,Z,X,G,NQ,QS,GE,FT,1,FH,SA ইত্যাদি ইংরেজী বর্ণমালা জুড়ে রেকর্ডে ধারাবাহিকতা হতো এবং সেই দেখে সহজেই বোঝা যেত রেকর্ডটি কোন কোম্পানীর তৈরী। N বর্ণমালাটি Zonophone এবং HMV দুই কোম্পানীই ব্যবহার করতো।

৫ Red lavel ,Black label,Green label ইত্যাদি বিভিন্ন রঙের রেকর্ড লেভেল হতো।

৬ কোনো কোনো শিল্পীর একই গান ভিন্ন সময়ে ভিন্ন কোম্পানী থেকে তথা একই কোম্পানীর ভিন্ন নম্বরেও পুনর্মুদ্রণ হতো।

৭ ১৯৮০ সন নাগাদ টেপ-ক্যাসেট, সিডি প্রভৃতি এবং কিছু পরে ডিজিটেল মাধ্যমের অত্যাধুনিক উদ্ভবনে পুরনো গ্রামোফোন শিল্প দ্রুত অপ্রয়োজনীয় হয়ে উঠলেও সেই এনালগ ডিস্ক প্রযুক্তি আজও একেবারে অপ্রাসঙ্গীক হয়ে যায়নি।



ব্রজেন্দ্রলাল গাঙ্গুলীর গাওয়া রবীন্দ্রসঙ্গীতের দুটো রেকর্ড : ১৯১৩-১৯১৫ : ১০"

bengalioldsongs.in



অমলা দাস — ১৯. হে মোর দেবতা হে মোর দেবতা ভরিয়া এ — ইমন কল্যাণ একতালা
9-13752 Gr Concert Record ১৯১৩-১৯১৫
B 371 Gr Record সেপ্টেম্বর ১৯১৪

অমলা দাস — ২০. আমার মন তুমি, নাথ, লবে হরে আমি আছি বসে সেই — ছায়ানট
9-13754 Gr Concert Record ১৯১৩-১৯১৫

অমলা দাস — ২১. যায় যেন মোর সকল ভালোবাসা, প্রভু তোমার পানে। — মিশ্র ঝিঁঝিট
9-13755 Gr Concert Record ১৯১৩-১৯১৫
B 384 Gramophone Record ডিসেম্বর ১৯১৪
P 1859 HMV ১৯১৬-১৯১৭

অমলা দাস — ২২. এস তিমির দুয়ার খোল, এস হে এস নীরব চরণে — রামকেলী
B 384 Gramophone Record ডিসেম্বর ১৯১৪

অমলা দাস — ২৩. প্রতিদিন আমি হে জীবনস্বামী দাঁড়াবো তোমারি সম্মুখে — সিন্ধু কাফি
9-13759 Gr Concert Record ১৯১৩-১৯১৫
B 371 Gramophone Record সেপ্টেম্বর ১৯১৪
P 1858 HMV ১৯১৬-১৯১৭

অমলা দাস — ২৪. ওই যে তরী দিল খুলে। তোর বোঝা কে নেবে তুলে ? — টোড়ি ভৈরবী
9-13775 Gr Concert Record ১৯১৩-১৯১৫

৬. অমলা বসু
১. পথ দিয়ে কে যায় গো চলে ডাক দিয়ে সে যায়। আমার — পূজা পর্যায়
২. মনে রয়ে গেল মনের কথা শুধু চোখের জল, প্রাণের ব্যথা — প্রেম পর্যায়
H 974 Hindusthan ডিসেম্বর ১৯৪১

৭. অমিতা সেন (খুকু)
১ ওগো দখিন হাওয়া ও পথিক আমার দোদুল দোলায় — প্রকৃতি পর্যায়
২ আধেক ঘুমে নয়ন চুমে স্বপন দিয়ে যায় শ্রান্ত ভালে — বিচিত্র পর্যায়
H 262 Hindusthan মে ১৯৩৫

অমিতা সেন (খুকু)
৩ অলি বার বার ফিরে যায় অলি বার বার ফিরে আসে তবে — প্রেম পর্যায়
৪ ও চাঁদ তোমায় দোলা দেবে কে আপন আলোর স্বপন — প্রকৃতি পর্যায়
H 442 Hindusthan জানুয়ারী ১৯৩৭

অমিতা সেন (খুকু)
৫ চিনিলে না আমারে কি দীপ হারা কোণে আমি ছিনু অন্য — প্রেম পর্যায়
৬ ফিরে ফিরে ডাক দেখি রে পরাণ খুলে ডাক ডাক ডাক — প্রেম পর্যায়
H 729 Hindusthan মার্চ ১৯৩৯

অমিতা সেন (খুকু)
৭ ওগো বধূ সুন্দরী তুমি মধু মঞ্জরী পুলকিত চম্পার লহো — প্রকৃতি পর্যায়
৮ তোমায় সাজাব যতনে কুসুমে রতনে কেয়ূরে — শাপমোচন এর গান
H 866 Hindusthan ডিসেম্বর ১৯৪০

অমিতা সেন (খুকু)
৯. যে ছিল আমার স্বপন চারিণী তারে বুঝিতে পারি নি — প্রেম পর্যায়
১০. যদি প্রেম দিলে না প্রাণে কেন ভোরের আকাশ ভরে — পূজা পর্যায়
H 1010 Hindusthan সেপ্টেম্বর (শারদীয়া) ১৯৪২

bengalioldsongs.in

# অ

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১. | অগ্নিবীণা বাজাও তুমি কেমন করে | সুনীল ঘোষ | N 27753 | HMV | অক্টোবর | ১৯৪৭ |
| ২. | অগ্নিশিখা, এসো এসো, আনো | রাধারাণী | GE 2567 | Columbia | | ১৯৪১ থেকে ১৯৪৩ |
| | | নীহারবালা | P 8432 | HMV | | ১৯২৬-১৯২৭ |
| ৩. | অচেনাকে ভয় কী আমার ওরে ? | হেমন্ত মুখোপাধ্যায় | GE 7300 (ঘরোয়া ছায়াছবির গান/১৯৪৭) | Columbia | | ১৯৪৮ |
| ৪. | অনিমেষ আঁখি সেই কে দেখেছে | সত্যভূষণ গুপ্ত | 62-94117 | Odeon | | ১৯১০ এর আগের |
| ৫. | অনেক কথা বলেছিলেম কবে | পশুপতি ভট্টাচার্য (ডাঃ) | H 201 | Hindusthan | অক্টোবর | ১৯৩৪ |
| | | তপতী দাস | GE 7023 | Columbia | ডিসেম্বর | ১৯৪৬ |
| ৬. | অনেক কথা যাও যে বলে কোনো | সন্তোষ সেনগুপ্ত | N 27596 | HMV | জুন | ১৯৪৬ |
| ৭. | অনেক দিনের শূন্যতা মোর ভরতে | দেবব্রত বিশ্বাস ও গীতা সাহা | GE 7301 | Columbia | | ১৯৪৮ |
| ৮. | অনেক দিয়েছ নাথ আমায় অনেক | বলাইদাস শীল | 8-12144 | GCRecord | ডিসেম্বর | ১৯১০ |
| | | সত্যভূষণ গুপ্ত | 20424 | Beka Grand | | ১৯১০ এর আগের |
| ৯. | অনেক পাওয়ার মাঝে মাঝে কবে | রবীন মজুমদার | JNG 5689 | Megaphone | | ১৯৪২ -১৯৪৩ |
| ১০. | অনন্তসাগর মাঝে দাও ভাসাইয়া | ভুবনেশ্বর বাগচী | 12644 | Gramophone | | ১৯১৬-১৯২৫ |
| | | | P 3356 | HMV | | ১৯১৬--১৯১৭ |
| ১১. | অন্তরে জাগিছ অন্তর্যামী | মানদাসুন্দরী দাসী | 13579 | Odeon | | |
| | | মানদাসুন্দরী দাসী | P 3803 | HMV | | ১৯১৬-১৯২৫ |
| ১২. | অন্ধজনে দেহ আলো, মৃতজনে | রবীন্দ্রনাথ ঠাকুর | P 8367 | HMV | | ১৯২৬ |
| ১৩. | অমন আড়াল দিয়ে লুকিয়ে গেলে | বঙ্কিম চক্রবর্তী | P 7874 | HMV | | ১৯২৬ |
| ১৪. | অমল ধবল পালে লেগেছে মন্দ | তুলসীচরণ দাস | P 4551 | HMV | | ১৯১৬-১৯২২ |
| | | বীণা চৌধুরী | N 27490 | HMV | ডিসেম্বর | ১৯৪৪ |
| ১৫. | অয়ি ভুবন মনোমোহিনী অয়ি নির্মল | পি সি বসু | Nicole | | | ১৯০৫ |
| | | | সম্ভবত এইটিই রেকর্ডে প্রথম রবীন্দ্রগীতি কিন্তু রেকর্ড নং সংগ্রহ করা যায়নি | | | |
| | | দেবেন্দ্রলাল ব্যানার্জী | 21750 | Beka Grand Records | | |
| | | | E 800 | Beka Records | | |

bengalioldsongs.in



| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | অয়ি ভুবন মনোমোহিনী অয়ি নির্মল | রামকৃষ্ণ লাহিড়ী | X3-102211 | Zonophone | মার্চ | ১৯১২ |
| | | | N 133 | Zonophone | | |
| | | অমলা দাস | 9-13306 | GCRecord | | ১৯১৩-১৯১৫ |
| | | | P 1766 | HMV | | ১৯১৬-১৯১৭ |
| | অয়ি ভুবন মনোমোহিনী অয়ি নির্মল | দেশ দাস | T 6003 | Vialophone | | ১৯৩০-১৯৩২ |
| | | হেমন্ত মুখোপাধ্যায় | GE 7488 | Columbia | মে | ১৯৪৯ |
| | | জগন্ময় মিত্র, দ্বিজেন চৌধুরী,বেলা মুখার্জী, সমরেশ রায় ও সুপ্রীতি ঘোষ (চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন ছায়াছবির গান/১৯৪৯) | N 31154 | HMV | | ১৯৪৯ |
| ১৬. | অরূপ বীণা রূপের আড়ালে লুকিয়ে | কনক দাস | P 11818 | HMV | মে | ১৯৩৭ |
| ১৭. | অলকে কুসুম না দিও,শুধু শিথিল | নীহারবালা | P 7563 | HMV | জুলাই | ১৯২৬ |
| | | কনক দাস | P 11845 | HMV | সেপ্টেম্বর | ১৯৪০ |
| | | সুধা মুখোপাধ্যায় (বন্দ্যোপাধ্যায়) | N 31027 | HMV | মে | ১৯৪৯ |
| ১৮. | অলি বার বার ফিরে যায় অলি বার | অমিতা সেন (খুকু) | H 442 | Hindusthan | জানুয়ারী | ১৯৩৭ |
| ১৯. | অল্প লইয়া থাকি, তাই মোর যাহা | বলাইদাস শীল | X3-102156 | Zonophone | অক্টোবর | ১৯১০ |
| | | | N 107 | Zonophone | জানুয়ারী | ১৯১৪ |
| | | | E 847 | Beka Records | | |
| | | সন্তোষ সেনগুপ্ত | N 31202 | HMV | মে | ১৯৫০ |
| ২০. | অশ্রু নদীর সুদূর পারে ঘাট দেখা | প্রতিমা দাসগুপ্তা | GE 7410 | Columbia | ডিসেম্বর | ১৯৪৮ |
| ২১. | অশ্রু ভরা বেদনা দিকে দিকে জাগে | সুচিত্রা মিত্র (মুখোপাধ্যায়) | N 27983 | HMV | ফেব্রুয়ারী | ১৯৪৯ |



অমিতা সেনের গানের রেকর্ড (১৯৩৫)



সার্থক জনম আমার জন্মেছি এই দেশে (১৯২২)/ হরেন্দ্রনাথ দত্ত

bengalioldsongs.in




Price ₹ 1500/-

9 789334 179385